39

দৈনিক জনকণ্ঠ

03 JUL 1997

পৃষ্ঠা ৪ কলাম ৫

প্রসঙ্গ ছাত্র রাজনীতি

# রাষ্ট্রপতির মন্তব্যকে বিভিন্ন মহলের অভিনন্দন

ছাত্র রাজনীতি প্রসঙ্গে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের মন্তব্যকে বিভিন্ন সংগঠন অভিনন্দন জানিয়েছে। গণফোরামের এক সভায় বলা হয়, রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বারবার প্রদত্ত বক্তব্যে তথাকথিত ছাত্র রাজনীতির নামে সন্ত্রাস ও অস্ত্রের রাজনীতি, শিক্ষার মান ও পরিবেশের অধঃপতন, ছাত্র সমাজকে রাজনৈতিক দলের ক্ষমতার হাতিয়ার হিসাবে ব্যবহার, শিক্ষকদের সঙ্কীর্ণ রাজনীতি প্রশ্নে রাষ্ট্রপতির নিরপেক্ষ, সঠিক ও সুনির্দিষ্ট প্রস্তাবের প্রতি গণফোরাম দৃঢ় সমর্থন জ্ঞাপন করছে। গণফোরামের এ সভায় ডঃ কামাল হোসেন সভাপতিত্ব করেন।

সাবেক ডাকসু ভিপি ফেরদৌস আহমদ কোরেশী রাষ্ট্রপতিকে অভিনন্দন জানিয়ে বলেন, দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সন্ত্রাস, নৈরাজ্য, বন্দুকযুদ্ধ এবং নোংরা রাজনীতির প্রেক্ষাপটে রাষ্ট্রপতির বলিষ্ঠ ও সময়োচিত বক্তব্য সর্বস্তরের শান্তিপ্রিয় সাধারণ মানুষকে গভীর অন্ধকারে আলোর আভাস দেখিয়েছে। উল্লেখ্য, রাষ্ট্রপতি সম্প্রতি তাঁর এক বক্তৃতায়, 'দেশের প্রধান রাজনৈতিক দলগুলো শিক্ষা প্রতিষ্ঠানকে হাঙ্গামামুক্ত রাখতে একমত হলে কয়েকদিনের মধ্যেই ক্যাডাররা অদৃশ্য হয়ে যাবে এবং সন্ত্রাস থেমে যাবে'- এই মর্মে মন্তব্য করেন।